গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.২১২.৩২.০০২.১৭-১৬৭ তারিখ: ১৪.১১.২০১৭

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য **"অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম"** উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়ন।

সূত্র: এ বিভাগের ইনোভেশন সভার কার্যবিবরণী নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৭-১০১; তারিখ: ২২.০৬.২০১৭

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিভাগ ও এটুআই কর্তৃক আয়োজিত ১৭-১৮ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২ দিন ব্যাপি "নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালায়" এ বিভাগ কর্তৃক উপস্থাপিত নতুন উদ্ভাবন **"অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম"** ইতোমধ্যে এ বিভাগ কর্তৃক অনুমোদন হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)। নতুন উদ্ভাবনী ধারনাটি বাস্তবায়নের জন্য অতিরিক্ত সচিব জনাব অরিজিৎ চৌধুরী ও চিফ ইনোভেশন অফিসার মহোদয়ের নেতৃত্বে একটি টিম গঠন করে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে (কর্মপরিকল্পনা সংযুক্ত) যা এটুআই কর্তৃক প্রদত্ত ছকে সংযুক্ত আছে। সে অনুযায়ী নতুন উদ্ভাবনী প্রকল্পটি এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সোনালী, জনতা, অগ্রণী, রূপালী ব্যাংক এবং বিডিবিএল এর সহায়তায় আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে তবে, ধারনাটি বাস্তবায়নের জন্য আর্থিক সহযোগিতা প্রয়োজন হতে পারে কারণ এ বিভাগের ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে উদ্ভাবণী প্রকল্প ব্যয় সংক্রান্ত খাতে কোন বরাদ্দ রাখা হয়নি।

এমতাবস্থায়, এ বিভাগ কর্তৃক অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য "অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম" উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগীতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। সভার কার্যবিবরণী
২। উদ্ভাবনী ধারণা সংক্রান্ত প্রতিবেদন

১৪/১১/১৭
(মোহাম্মদ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪২৪৪

প্রকল্প পরিচালক
এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক /বিডিবিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বীমা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
৫। জনাব মোঃ মিজানুর রহমান, উপসচিব ও ডোমেইন এক্সপার্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
৯। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব ফয়সল আহমদ, এসপিও, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সমন্বয় সাধনের অনুরোধসহ)।
১১। জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটের উদ্ভাবনী কার্যক্রম>সার্কুলার/প্রজ্ঞাপন/প্রতিবেদন অংশে প্রদর্শনের অনুরোধসহ)।

D:\212.32.000 Innovation\212.32.002 কর্মপরিকল্পনা.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
www.fid.gov.bd

# উদ্ভাবন প্রকল্প সংক্রান্ত ধারণা পত্র
# (Concept Paper for Innovation Project)

উদ্ভাবনী ধারণার শিরোনাম: অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম

**সমস্যার বিবরণ:** নির্ধারিত অনলাইন সিস্টেম না থাকায় ফিন্যান্সিয়াল প্রতিবেদন/তথ্য/প্রতিবেদন গ্রহণ ও প্রাপ্তি জনিত গতানুগতিক সমস্যা সংশ্লিষ্ট।

**সমস্যা (সংক্ষিপ্ত বিবরণ):**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক এর আওতাধীন নিয়ন্ত্রক/দপ্তর/সংস্থা হতে মাসিক/ত্রৈমাসিক/অর্ধবার্ষিক ও বার্ষিক ভিত্তিতে নিয়মিত ফিন্যান্সিয়াল রিপোর্ট সংগ্রহ করা হয়ে থাকে। এক্ষেত্রে প্রথমে তথ্য চাওয়া যেতে পারে বিষয়ে নোট উপস্থাপন, অনুমোদন, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় ফরম্যাট প্রদানসহ পত্র জারি, দপ্তর/সংস্থা হতে তথ্য প্রাপ্তির পর সিদ্ধান্ত গ্রহণ, সংশ্লিষ্ট শাখা/বিভাগে নির্দেশনা প্রদান, তথ্য প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন এবং পরবর্তীতে পত্র জারী ও প্রেরণ। এ সকল ধাপ অতিক্রম করে তথ্য পেতে নির্ধারিত সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে মন্ত্রণালয়ের জন্য অসুবিধা হয়। এক্ষেত্রে অনেক সময়ে তথ্য পেতে বিলম্ব হয় এবং ব্যাখ্যার প্রয়োজন হয়। সকল প্রক্রিয়া সম্পন্ন করে সঠিক তথ্য পেয়ে সিদ্ধান্ত নিতে কমপক্ষে ১৫ দিন থেকে ১ মাস সময় লেগে যায়। প্রচুর খরচ হয়, প্রচুর কর্মঘন্টা নষ্ট হয়।

**সমস্যার মূল কারণ:**

এ সমস্যার মূল কারণ হলো কোন সুনির্দিষ্ট সিস্টেম/ফরমেট/নির্দেশনা না থাকা। ফলে আওতাধীন নিয়ন্ত্রক/দপ্তর/সংস্থার বাধ্যবাধকতাও জবাবদিহির অভাব দেখা দেয় যা ম্যানুয়াল সিস্টেম অর্থাৎ কাগজ-পত্র দ্বারা এসকল তথ্য আদান-প্রদান হয় বিধায় প্রচুর সময় লেগে যায়। তথ্য সংগ্রহকারী ও প্রদানকারী উভয়েই কোন নির্দিষ্ট সিস্টেম অনুসরণ করেন না বিধায় অনেকগুলি ধাপ সম্পন্ন করে তথ্য পেতে ১৫ দিন/১ মাস সময় লেগে যায়। এছাড়াও দপ্তর/সংস্থার ফরম্যাট প্রাপ্তি ও বোধগম্যতার অভাবে অনেক সময় তথ্য পেতে বিলম্ব হয় বা সঠিকভাবে সঠিক সময়ে তথ্য পাওয়া যায় না তাছাড়া প্রাপ্ত তথ্যসমূহ একীভূতকরণ সময়সাপেক্ষ। ফলে মন্ত্রণালয়ের পক্ষে ঐ দপ্তর/সংস্থার বিষয়ে সঠিক সিদ্ধান্ত প্রদান করত বিলম্ব হয়। অর্থাৎ কার্যকরী কোন পদ্ধতি না থাকাই সমস্যার মূল কারণ।

**সমস্যার প্রভাব:**

এ ধরণের সমস্যা অর্থাৎ মন্ত্রণালয় কর্তৃক তার আওতাধীন দপ্তর/সংস্থা হতে তথ্য প্রাপ্তির ক্ষেত্রে বিলম্ব হলে সঠিক সময় সঠিক সিদ্ধান্ত নিতে বিলম্ব হয়। কোন সুনির্দিষ্ট পদ্ধতি না থাকায় প্রচুর সময়, অর্থ ও কাগজের ব্যবহার হয় যা পরিবেশ বান্ধব নয়। তাছাড়া, সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত না দিতে পারলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা অনেকভাবেই ক্ষতিগ্রস্থ হতে পারে বা মন্ত্রণালয়ের ভাবমূর্তি ও সুনাম ক্ষুন্ন হতে পারে।

সেবাটি বর্তমান কীভাবে দেয়া হয়? (বিবরণ/প্রসেস ম্যাপ):

প্রচলিত পদ্ধতিতে প্রথমে তথ্য চাওয়া যেতে পারে মর্মে নোট উপস্থাপন করা হয় (৩দিন)

↓

তথ্য চাওয়ার জন্য মন্ত্রণালয়ের/ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয় (১দিন)

↓

তথ্য চেয়ে ফরম্যাটসহ পত্র জারি করা হয় (১দিন)

↓

সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার পত্র প্রাপ্তির পর সিদ্ধান্ত গ্রহণ করে (৩দিন)

↓

তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখা/বিভাগে নির্দেশনা প্রদান করে (১দিন)

↓

সংশ্লিষ্ট শাখা/বিভাগ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তুতকৃত তথ্য উপস্থাপন করে (১দিন)

↓

সিদ্ধান্ত প্রাপ্তির পর তথ্যসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করেন (১দিন)

↓

মন্ত্রণালয় তথ্য প্রাপ্তির পর সিদ্ধান্ত গ্রহণ করেন। (১দিন)

মোট কমপক্ষে ৮টি ধাপ অতিক্রম করে ৮/১০ দিন সময় ব্যয় করা হয়ে থাকে।

সমস্যার প্রস্তাবিত সমাধান (বিবরণ/প্রসেস ম্যাপ):

এই দীর্ঘসূত্রিতা পরিহার করে সহজ উপায়ে অনলাইনে নির্ধারিত ফরমে নির্দিষ্ট সময়ের মধ্যে চাহিদা অনুযায়ী তথ্য সংগ্রহ করা সম্ভব এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সঠিক সময়ে সঠিক উপায়ে প্রাপ্ত ফিন্যান্সিয়াল রিপোর্টের ওপর মন্ত্রণালয়ের পক্ষে মতামত প্রদান বা সিদ্ধান্ত প্রদান সম্ভব। প্রচলিত ৮টি ধাপকে মাত্র ৩-৪ টি ধাপে এবং ১০ দিনের জায়গায় মাত্র ১ দিনে সম্পূর্ণ ধাপসমূহ সম্পন্ন করে তথ্য সংগ্রহ/প্রদান সম্ভব। প্রস্তাবিত ধাপ/পদ্ধতি নিম্নরূপ:

কি কি ধরণের রিপোর্ট সংগ্রহ করতে হয় তা চিহ্নিতকরণ (একবার)-১ দিন

↓

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন (একবার -১ দিন)

↓

রিপোর্টসমূহের ফরম্যাট অনলাইন সফটওয়্যারের মাধ্যমে প্রদর্শন-১ দিন/১বার

↓

নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইন হতে তথ্য সংগ্রহ ও সিদ্ধান্ত গ্রহণ -১ দিন/১ বার

অর্থাৎ সম্পূর্ণ প্রসেসটি সম্পন্ন করতে ৩-৪ দিন সময় প্রয়োজন হবে। দপ্তর/সংস্থাকে বার-বার তাগাদা দিতে হবে না। কাগজের ব্যবহার কমে যাবে। সঠিক সময়ে তথ্যপ্রাপ্তি সম্ভব হবে ও সিদ্ধান্ত গ্রহণে যথেষ্ট সময় পাওয়া যাবে।

উদ্ভাবন ধারণাটি বাস্তবায়ন করা হলে সময়, খরচ ও যাতায়াতের (TCV) ক্ষেত্রে যেসকল সুফল পাওয়া যাবে:

| বিষয় | সময় | | খরচ | | যাতায়াত | |
|---|---|---|---|---|---|---|
| ইউনিট প্রতি | বিদ্যমান | বাস্তবায়নের পর | বিদ্যমান | বাস্তবায়নের পর | বিদ্যমান | বাস্তবায়নের পর |
| পত্র গ্রহণ | ৪০-৪৮ ঘন্টা | ১৫ মিনিট | ৩০ টাকা | -- | ১ বার | ১ বার |
| নোট উপস্থাপন | ৭২ ঘন্টা | -- | ১০ টাকা | -- | ১ বার | -- |
| অনুমোদন/সিদ্ধান্ত গ্রহণ | ১ ঘন্টা | ১৫ মিনিট | | | ১ বার | -- |
| পত্র জারি ও প্রেরণ | ৪০-৪৮ ঘন্টা | -- | ১০ টাকা | ৫ টাকা | ১ বার | -- |
| **প্রত্যাশিত ফলাফল** | **৭ দিন/১৬৮ঘন্টা** | **৩০ মিনিট** | **৫০ টাকা** | **৫ টাকা** | **৫ বার** | **১ বার** |

আইডিয়া বাস্তবায়নকারী টিম:

| টিম লিডার | সদস্য | সদস্য | সদস্য | সদস্য |
|---|---|---|---|---|
| জনাব অরিজিৎ চৌধুরী, অতিরিক্ত সচিব | জনাব মোঃ নাসিরউদ্দিন আহমেদ যুগ্মসচিব ও সি.আই.ও | জনাব মৃত্যুঞ্জয় সাহা উপসচিব | জনাব মোহাম্মদ নজরুল ইসলাম সি.স.সচিব | জনাব ফয়সল আহমদ সিনিয়র প্রিন্সিপাল অফিসার |

আইডিয়া ওনারদের (প্রদানকারী কর্মকর্তা) তথ্য:

| নাম | পদবি | অফিস | মোবাইল | ইমেইল | আইডিয়া বাস্তবায়নের স্থান |
|---|---|---|---|---|---|
| মোঃ নাসিরউদ্দিন আহমেদ | যুগ্মসচিব ও সি.আই.ও | এফআইডি | ০১৭১৫০৯১০৮৯ | nuahmed1965@gmail.com | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| মৃত্যুঞ্জয় সাহা | উপসচিব | এফআইডি | ০১৭১৫-০৩৮৫৩৩ | mrityunjoysaha@gmail.com | |
| মোঃ মনিরুল ইসলাম | উপসচিব | এফআইডি | ০১৮১৯-১৩০০২৬ | monir15412@gmail.com | |
| মোহাম্মদ নজরুল ইসলাম | সি.স. সচিব | এফআইডি | ০১৭৩১৬৫০২২৯ | nazrulislamadmin@gmail.com | |
| ফয়সল আহমদ (মূল উদ্যোক্তা) | এসপিও | এফআইডি | ০১৭৭১-৭৭৮৮৮৮ | 2dr.faisal@gmail.com | |


প্রয়োজনীয় রিসোর্স:

| | |
|---|---|
| • আর্থিক: ১৫ লক্ষ টাকা<br>• জনবল: ৪-৫ জন আইটি প্রোগ্রামার (সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বিডিবিএল)<br>• কারিগরি (যন্ত্রপাতি): সার্ভার ১টি (তথ্য সংরক্ষণের জন্য)<br>• অন্যান্য: ইন্টারনেট সংযোগ | মোট অর্থ: ১০-১৫ লক্ষ টাকা (আনুমানিক) |

| রিসোর্সের যোগান/উৎস: | এটুআই প্রকল্প |
|---|---|

**উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের কর্মপরিকল্পনা :**

| ক্র. | কাজ | কে করবে? | সময়কাল (মাস/তারিখ) | | | | চ্যালেঞ্জ/ঝুঁকি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অক্টো: ১৭ | নভে: ১৭ | ডিসে: ১৭ | জানু: ১৮ | ফেব্রু: ১৮ | জুন ১৮ | জুলাই ১৮ |
| ১. | উর্দ্ধতন কর্মকর্তা (সিনিয়র সচিব মহোদয়) কে অবহিতকরণ ও সমর্থন গ্রহণ | টিম লিডার | √ | | | | | | |
| ২. | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী টিম গঠন | উপসচিব প্রশাসন | | √ | | | | | |
| ৩. | সাপোর্টার ও পার্টনারগণের সাথে মতবিনিময় | সংশ্লিষ্ট কমিটি | | √ | | | | | |
| ৪. | উপকার ভোগীগণের সাথে মতবিনিময় | ঐ | | | √ | | | | |
| ৫. | উদ্ভাবনী পরিকল্পনা চূড়ান্তকরণ | টিম লিডার | | | | √ | | | |
| ৬. | অনলাইন সফটওয়্যার উন্নয়ন ও কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান | উপসচিব প্রশাসন | | | | | √ | | |
| ৭. | সফটওয়্যারের ট্রায়েল এরর টেস্টিং (পাইলটিং) | সকল সংস্থা | | | | | √ | | |
| ৮. | সফটওয়্যার/অনলাইন সিস্টেম চূড়ান্তকরণ | সকল সংস্থা | | | | | √ | | |
| ৯. | অনলাইন ফাইন্যান্সিয়াল রিপোটিং সিস্টেম বাস্তবায়ন | সকল সংস্থা | | | | | | √ | √ |




Faisal Ahmad

Senior Principal Officer

Rupali Bank Limited

Finantial Institutions Division (On Deputation)

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার তারিখ : ২২ জুন ২০১৭
সময় : সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২। সভায় এ বিভাগের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, উদ্ভাবনী ধারণা বাছাই কমিটির অগ্রগতি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে প্রণোদনা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন | এ বিভাগের ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মপরিকল্পনায় উল্লিখিত কর্মসমূহ যথাসময়ে সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন টিম ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২. | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটির অগ্রগতি | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটি এ বিভাগের আওতাধীন ৫টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করে। তন্মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর প্রদানকৃত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন হয়নি বিধায় বাদ দেয়া যায় এবং চূড়ান্তভাবে বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক ও জনতা ব্যাংক কে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার জন্য পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া, এ বিভাগের কেইস ম্যানেজমেন্ট সিস্টেমটি ডিজিটাইজড হওয়ায় সময়, খরচ, ভিজিট (TCV) অনেক হ্রাস পেয়েছে যার ফলে আর্থিক খাতে আরো বেশি শৃঙ্খলা ফিরে আসবে মর্মে আশা করা যায়। এ বিষয়টি প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট আইন ও আইসিটি শাখা/অধিশাখাকে এ সংক্রান্ত প্রণোদনা প্রদান করা সমীচীন মর্মে কমিটি মনে করে। এ বিবেচনায় এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল কেইস ম্যানেজমেন্ট সিস্টেমকেও এ ধরণের পুরস্কার প্রদানের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটি, ইনোভেশন টিম ও বাজেট অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৩. | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ ও উদ্ভাবকগণকে প্রণোদনা প্রদান | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ ও উদ্ভাবকগণকে প্রণোদনা প্রদানের ক্ষেত্রে নিমোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:<br>১. এ বিভাগের আওতাধীন উপরোক্ত ৩টি প্রতিষ্ঠান কে ১টি করে ক্রেস্ট এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন অফিসার ও টিমের সকল সদস্যগণকে সার্টিফিকেট প্রদান করা যেতে পারে।<br>২. এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল কেইস ম্যানেজমেন্ট সিস্টেম চালু করার জন্য আইন ও আইসিটি শাখাকে যৌথভাবে ক্রেস্ট প্রদান ও এতদসংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সার্টিফিকেট প্রদান করা যেতে পারে।<br>৩. ইনোভেশন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সার্বিক সহযোগিতার জন্য ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব ফয়সল আহমদ ও টিমের সদস্য জনাব সুমন আনোয়ার মাহমুদ কে উৎসাহ উদ্দীপনা প্রদানের লক্ষ্যে ১টি করে TAB ও সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। | ইনোভেশন টিম ও বাজেট অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | | ৪. সর্বোপরি এ বিভাগের সচিব মহোদয়কে ইনোভেশন কার্যক্রম সম্পাদন ও বাস্তবায়নে সার্বিকভাবে নেতৃত্ব প্রদান ও সুযোগ্য দিক-নির্দেশনা প্রদানের জন্য ১টি ক্রেস্ট প্রদান করা যায়।<br>৫. চিফ ইনোভশন অফিসার হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তাবায়নে নৈপুন্য সফলতা অর্জনের ক্ষেত্রে এ বিভাগের চিফ ইনোভশন অফিসারকে ১টি ক্রেস্ট প্রদান করা এবং এ বিভাগের ইনোভেশন টিমের সকল সদস্যগণকে একটি ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। | |
| ৪. | ২০১৭ সালে অনুষ্ঠিত ২ দিন ব্যাপি নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালায় নতুন উদ্ভাবনী ধারণা উপস্থাপন ও বাস্তবায়ন | আর্থিক প্রতষ্ঠান বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্তৃক গত ১৭-১৮ মে ২০১৭ তারিখে আয়োজিত নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিন ব্যাপি কর্মশালায় অংশগ্রহণকারী এ বিভাগের যমুনা গ্রুপ নামক গ্রুপ কর্তৃক "অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম" নামক ১টি উদ্ভাবনী ধারণা উপস্থাপন করা হয়। যা এটুআই কর্তৃক প্রশংসিত হয় এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য ১টি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে বলা হয়। উক্ত গ্রুপে গুপ সদস্য হিসেবে উপস্থিত ছিলেন উপসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও জনাব মোঃ মনিরুল ইসলাম এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব ফয়সল আহমদ ও প্রিন্সিপাল অফিসার জনাব এ.কে. এম ফজলুল হক। উক্ত উদ্ভাবনী ধারণাটির কার্যক্রম ও বাস্তবায়ন পদ্ধতির রোডম্যাপ আনুষ্ঠানিকভাবে এ বিভাগের সচিব মহোদয়কে অবগত করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য দিক নির্দেশনা চাইতে হবে। | উপসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও জনাব মোঃ মনিরুল ইসলাম এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব ফয়সল আহমদ ও প্রিন্সিপাল অফিসার জনাব এ.কে. এম ফজলুল হক (যমুনা গ্রুপ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৫ | প্রণোদনা প্রদান সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন ও উদ্ভাবনী ধারণা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কর্মকর্তাগণকে প্রণোদনা প্রদানের নিমিত্ত এ বিভাগের বাজেটে বরাদ্দকৃত পুরস্কার খাতের অর্থ ছাড়করণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপসচিব বাজেট, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৬/১৭

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৭-১০১ তারিখ: ২২.০৬.২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুশারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, আগারগাঁর, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালকও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

অ.পৃ.দ্র

৩৭৪

৭. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/ বাকৃবি/রাকাব/ আনসার-ভিডিপি/ বিডিবিএল/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
১১. পরিচালক, বাংলাদেশ ইন্সিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. জনাব মৃত্যুঞ্জয় সাহা, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৩. জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৪. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৫. জনাব মোঃ মনিরুল ইসলাম, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৬. জনাব ফয়সল আহমদ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৭. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

<u>অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :</u>

১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ মনিরুল ইসলাম)
উপসচিব